# Bangladesh College of Physicians and Surgeons (BCPS)

## 13th Convocation, Wednesday, 26 October 2016



রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

১১ কার্তিক ১৪২৩
২৬ অক্টোবর ২০১৬

### বাণী

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)-এর ১৩তম সমাবর্তন অনুষ্ঠিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি বিসিপিএস এর নতুন ফেলো-এফসিপিএস, মেম্বার-এমসিপিএসসহ কলেজ পরিচালনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানাই।

বিজ্ঞান, প্রযুক্তি ও গবেষণার উন্নয়নের সাথে সাথে চিকিৎসা বিজ্ঞানেরও ক্রমশ উন্নতি হচ্ছে, যার সুফল বিশ্বের চিকিৎসা প্রত্যাশী জনগণ পাচ্ছে। বাংলাদেশসহ বিশ্বের উন্নয়নশীল দেশগুলোতে চিকিৎসাক্ষেত্রে গবেষণা অপ্রতুল বিধায় আমাদের উচ্চতর চিকিৎসা শিক্ষায় গবেষণা কার্যক্রম আরও জোরদার করতে হবে। স্বাস্থ্য ও চিকিৎসা মানুষের মৌলিক অধিকার। দেশে চিকিৎসা বিজ্ঞানের উচ্চতর শিক্ষার প্রসার, উন্নয়ন এবং আন্তর্জাতিক মানসম্মত চিকিৎসা প্রদানের লক্ষ্যে দক্ষ জনবল তৈরিতে বিসিপিএস গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। আমি জেনে খুশি হয়েছি এ শিক্ষা প্রতিষ্ঠান থেকে এ পর্যন্ত ৫৫৫০ জন এফসিপিএস এবং ২৫৬৬ জন এমসিপিএস ডিগ্রি অর্জন করে বিশেষজ্ঞ চিকিৎসক হিসেবে দেশে-বিদেশে চিকিৎসা সেবায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছেন।

আমি আশা করি মানব সেবার মহান ব্রত নিয়ে একাগ্রতার সাথে এদেশের বিশেষজ্ঞ চিকিৎসকগণ জনগণের স্বাস্থ্য সেবার মৌলিক চাহিদা পূরণে আরও নিষ্ঠা, আন্তরিকতা ও সহমর্মিতার সাথে চিকিৎসা সেবা প্রদান করবেন এবং নিজেদেরকে আরও সম্মানের উচ্চপর্যায়ে প্রতিষ্ঠিত করবেন। আমি ডিগ্রিপ্রাপ্ত নবীন বিশেষজ্ঞ চিকিৎসকদের শুভকামনা জানাই এবং তাদের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করি।

বিসিপিএস-এর ১৩তম সমাবর্তন সফল হোক-এ প্রত্যাশা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ



মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### বাণী

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)-এর ১৩তম সমাবর্তন অনুষ্ঠিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

চিকিৎসা মানুষের মৌলিক চাহিদা। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে জনস্বাস্থ্যের উন্নয়নকে বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে। শহর কেন্দ্রিক স্বাস্থ্য সেবার পাশাপাশি প্রত্যন্ত অঞ্চলে সুষ্ঠু স্বাস্থ্যসেবা প্রদানে বর্তমান সরকার বিশেষ উদ্যোগ নিয়েছে এবং যার পরিপ্রেক্ষিতে সারা দেশে কমিউনিটি ক্লিনিকগুলো পুনরায় সচল করা হয়েছে। জনগণের চিকিৎসা সেবার পাশাপাশি মেডিকেল শিক্ষার উন্নয়ন ও সম্প্রসারণে দক্ষ ও বিশেষজ্ঞ চিকিৎসকদের ভূমিকা অপরিসীম।

১৯৭২ সালে বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ প্রতিষ্ঠার পর থেকে বিশেষজ্ঞ চিকিৎসক তৈরিতে এই কলেজ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। এছাড়াও এই কলেজ থেকে ডিগ্রীপ্রাপ্ত বিশেষজ্ঞ চিকিৎসকগণ দেশের সকল মেডিকেল বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, মেডিকেল ইনস্টিটিউট ও হাসপাতালে চিকিৎসা সেবা এবং শিক্ষকতায় নিয়োজিত আছেন। আমি আশা করবো বিশেষজ্ঞ চিকিৎসকগণ নিষ্ঠা ও দক্ষতার সাথে দেশের সর্বস্তরের জনগণকে চিকিৎসা সেবা প্রদানে আত্মনিয়োগ করবেন এবং জন প্রত্যাশা পূরণে সদা সচেষ্ট থাকবেন ও চিকিৎসা বিজ্ঞানের সর্বশেষ জ্ঞান ও প্রযুক্তি সম্পর্কে নিজেদের হালনাগাদ রাখবেন।

আমি এ কলেজের নতুন ফেলো (FCPS) এবং মেম্বারগণকে (MCPS) অভিনন্দন জানাই।

আমি বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)-এর ১৩তম সমাবর্তন অনুষ্ঠানের সর্বাঙ্গীন সফলতা কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।
বাংলাদেশ চিরজীবী হোক।

মোহাম্মদ নাসিম




## Bangladesh College of Physicians and Surgeons (BCPS): Excellence is the Only Mark

BCPS is a unique institute in the field of Medical Science. It resembles the Royal Colleges of United Kingdom (UK). This institute was established to spread Post graduate medical education in this country in accordance to the format of the Royal College of United Kingdom. In 1947, after division of the Indian Subcontinent, the then East Pakistan underwent exploitations by the Pakistani Government. After long torture in 1971, Bangladesh gained her freedom after 9 months of war of freedom, heroism, sacrifice of 30,00,000 lives and disrepute of 2,00,000 women, under the command of the great leader father of the nation, Bangabandhu Sheikh Mujibur Rahman. In the war affected country Bangabandhu started a new battle to make it prosperous and economically active. In the newly sovereign country there was shortage of competent manpower in medical sector just like other sectors and also the infrastructure was not strong enough to be compatible with the outer world. A great vacancy was seen among the specialist doctors as well as in the whole medical sector in the newly freed country after suffering relentless discrimination for years. To fill up the vacancy of the specialist doctors and the shortage in the medical infrastructure, the father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman established the BCPS on 6th June, 1972, under the presidential ordinance. Before that time doctors had to go to UK to gain postgraduate degrees with the financial help of government or commonwealth scholarship, but there was too little scope in it. To go and study in UK in self-funding was not possible by many doctors. After establishment of BCPS the doctors found a way to get postgraduate degrees in affordable cost and within short time. Also the country was blessed with a specialized medical infrastructure. Today BCPS stands upright with dignity because of the efficient step of Bangabandhu. BCPS is such an institute where there are students and teachers but no classical classrooms or the classical education structure. Government does not have to spend too much money to produce specialist doctors. The students even does not have to spend much money except some amount of exam fees. After qualifying Part-I examination any doctor can appear in the final FCPS examination after getting a well structured training for a specified period in the institutes accredited by BCPS. After passing the final examination the doctors gain the capability to practice as a specialist doctor in the country. Examinations follow a delicate evaluation and scoring system that are very unique to this college. This helps to produce Fellows and Members with high levels of proficiency to match the national and international needs. The examination takes place twice a year, in January and July, which starts in the very 1st working day of the month with MCQ, Written, Oral and Practical examinations and the result is hanged within one hour of the oral examination. Exchange of examiners in different specialties exists between the BCPS and the Royal Colleges of UK, Ireland and also with regional countries like Pakistan, India, Srilanka, Thailand, Singapore, Malaysia, Saudi Arabia and Nepal.

BCPS regularly monitors the training activities in several hospitals and institutes to maintain its standard. BCPS organizes seminars, symposium, conferences, and workshops on a regular basis to update their Fellows with the recent advances in medical science.

**BCPS & Health Sector of Bangladesh**

It can be said undoubtedly that the decision taken by the father of the nation improved the health sector of the war-striken, devastated Bangladesh. He, through his wisdom, knew that in a few years after liberation there will be scarcity of specialist doctors. So without making a delay he announced the establishment of this college.

BCPS kept up the visionary decision all these years. BCPS is producing specialist physicians & surgeons every year following a curriculum compatible with international standards and also health needs of our people. Specialists certified by the BCPS are providing the most of the specialists service and teaching in the medical university, medical colleges, post-graduate medical institutes, corporate hospitals, district hospitals, even in upazila hospitals. In various places across the country the Fellows of this college are contributing significantly to improve the primary health care as the team managers.

The fame of BCPS has crossed the borders. Many of its Fellows are working with name and fame in different countries like Saudi Arabia, UAE, Oman & other middle east countries, Malaysia, Australia, United States, United Kingdom etc.

**Administration of BCPS**

The College is constituted by its founder fellows, fellows without examination, honorary fellows & fellows admitted on passing the prescribed examination. 16 Councilors are elected by the Fellows by direct voting under an independent election commission. The government nominates 4 councilors among the fellows. All are elected or nominated for 4 years. The councilors among themselves elect the President, the senior Vice President, the Vice-President, the Treasurer & two members to form the Executive committee. The council also appoints a Secretary & a Controller of examinations. College council administrates all its activities.

Various committees & sub-committees aid the executive committee to carry out its activities. Academic activities of the college are carried out by 14 faculties. Their main functions are to make recommendations on academic activities within their jurisdiction. They also helps the college to conduct teaching & training program. This is unique of the college that all the councilors, committee & faculty members and all the fellows serve BCPS voluntarily and out of their love for the college.

**College Campus**

The campus of the college is situated over three acres of land at Mohakhali, Dhaka. Presently the offices are housed in three buildings namely A, B & C.

**Activities of BCPS**

BCPS has an examination system that follow delicate evaluation & scaring systems that are very unique to this college. This helps to develop fellows & members with high grades of knowledge & skill to match the international standard & the need of the society. The college also arranges training program on how to write protocol & thesis. Special training are arranged for Gynae & Obsterics students with the aim to minimize maternal & child mortality. To improve the surgical skill of the surgeons structured training is offered to trainees & trainers of surgical faculty These training programs are run by BCPS in collaboration with Liverpool School of Tropical Medicine (UK), Ethicon Institute for Surgical Education (Mumbai), American College of Surgeons and Royal College of Obstetrics and Gynecology.

BCPS is also providing IT training for post-graduate trainees & trainers to improve their skills so that they can march forward with the world.

Sudden Cardiac Death accounts for more than 4,00,000 deaths yearly in the United States. It is said that 60-70% of the sudden cardiac death are due to cardiac disease. It can easily assume that burden of sudden cardiac death is quite high in our country. ACLS and BLS training of physicians, nurses and health assistances can improve the survival of patients with sudden cardiac arrest. In collaboration with American Heart Association (AHA) BCPS is offering BLS, ACLS & ATLS courses. BCPS has been recognized by AHA as an international training center for ACLS training. To ensure the appointment of adequate number of ACLS & BLS trained personnel in every health center of Bangladesh, BCPS in collaboration with the govt. is going to implement special programs on BLS & ACLS. Beside these, to keep the teachers up to date with current knowledge on medical education and teaching methodology, various workshops are being arranged on regular basis.

**Subjects on which FCPS & MCPS degrees are given**

**FCPS**

**General subjects : (22)**

Medicine, Surgery, Paediatrics, Obstetrics & Gynaecology, Ophthalmology, Otolaryngology, Psychiatry, Anaesthesiology, Radiology & Imaging, Radiotherapy, Dermatology & Venereology, Physical Medicine & Rehabilitation, Haematology, Biochemistry, Histopathology, Microbiology, Conservative Dentistry & Endodontics, Oral and Maxillofacial Surgery, Prosthodontics, Orthodontics & Dentofacial Orthopaedics, Transfusion Medicine and Family Medicine.

**Specialized subjects : (25)**

Gastroenterology, Neurology, Nephrology, Endocrinology & Metabolism, Cardiology, Pulmonology, Hepatology, Rheumatology, Infectious Disease & Tropical Medicine, Urology, Neuro-surgery, Cardiovascular Surgery, Thoracic Surgery, Plastic and Reconstructive Surgery, Orthopaedic Surgery, Paediatric Surgery, Neonatology, Paediatric Haematology & Oncology, Paediatric Nephrology, Paediatric Gastroenterology & Nutrition, Paediatric Pulmonology, Paediatric Neurology & Development, Feoto-Maternal Medicine, Gynaecological Oncology, Reproductive Endocrinology & Infertility.

**MCPS: (16)**

Medicine, Surgery, Paediatrics, Obstetrics & Gynaecology, Ophthalmology, Otolaryngology, Psychiatry, Anaesthesiology, Radiology & Imaging, Radiotherapy, Dermatology & Venereology, Dental Surgery, Forensic Medicine, Family Medicine, Transfusion Medicine and Clinical Pathology.

**The way to achieve FCPS Degree**

After passing MBBS & completing internship a doctor has to be registered with BMDC. After that he/she can take part in FCPS part-1 examination on providing the fee. In part 1 examination, 3 papers each containing 100 MCQ are set to assess basic knowledge on specific subjects. After passing FCPS Part-I examination, a student starts hands on training in institutes or hospitals accreditated by BCPS. After 4 to 5 years of competency based structured training one student become eligible to appear in the FCPS part II/ final examination. By this time he/she has to complete a dissertation/ thesis under the guidance of a designated guide. Before the final examination the dissertation/ thesis has to be reviewed & accepted by at least two reviewers. FCPS part II/final examination follows a delicate evaluation & scoring system. It has many parts namely written, OSPE (Practical), clinical & oral. Each part is examined by different examiners. Examiner who was a trainer of the examinee in the immediate past year can not be the clinical examiner of that particular student. Every question paper is prepared by a board of senior teachers under strict confidence and set rule. Clinical examinations are held in different centers in Dhaka recognized by BCPS. Examiners from across the globe like UK, USA, India, Malaysia, Singapore, Srilanka, Saudi Arabia etc. are invited to participate in clinical and oral examination in each session in most of the subjects. All the foreign examiners used to praise the standard & quality of our Fellowship examination. BCPS always welcome their valuable comments & advices to improve its quality further.

After passing MBBS and there after part-I, a doctor undertakes 4-5 years of intense training in his/her area of specialization. Only after gaining such expertise, he/she appears for final part-II examination, which is of international standard, divided into 3-4 parts and administered by the panel of national and international experts. Only after passing through such a rigorous examination process a doctor is awarded FCPS degree.

**Conclusion: The Heritage**

The College has built a rich heritage in academic and service spheres. Excellence of education and examination, conduction of examination on schedule and publishing result immediately after the examinations are the tradition of this college. High standard of education and examination of this college have been praised and acknowledged internationally.

The country largely owes its specialist medical practice to the College. Most of the medical teachers and consultants are the Fellows and Members of this College. Today, there is hardly any corner of the country where a product of this College is not engaged in humanitarian medical services and its development.

There are also Fellows and Members working all over the globe having carried with them the fervor and fame of this College. It is expected that in the years to come the riches in heritage shall continue to grow. We can proudly say that BCPS is an institution that is enriched with unique examples and glorified by its heritage.



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১১ কার্তিক ১৪২৩
২৬ অক্টোবর ২০১৬

### বাণী

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস) এর ত্রয়োদশ সমাবর্তন অনুষ্ঠিত হচ্ছে জেনে আমি আনন্দিত। আমি সনদপ্রাপ্ত বিশেষজ্ঞ চিকিৎসকদের আন্তরিক অভিনন্দন জানাই।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাস্থ্যসেবাকে রাষ্ট্রের অন্যতম মৌলিক চাহিদা চিহ্নিত করে ১৯৭২ সালে ৬৩নং অধ্যাদেশ জারির মাধ্যমে এ কলেজটি প্রতিষ্ঠা করেন। মানসম্মত চিকিৎসা শিক্ষা ও বিশেষজ্ঞ চিকিৎসকের চাহিদা মেটানোর লক্ষ্যে তিনি এই কলেজ প্রতিষ্ঠা করেছিলেন। প্রতিষ্ঠালগ্ন থেকে কলেজটি স্নাতকোত্তর পর্যায়ে দেশের অন্যতম সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে চিকিৎসা বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে FCPS এবং MCPS ডিগ্রি প্রদান করছে। বিসিপিএস-এর সনদপ্রাপ্ত আন্তর্জাতিক মানসম্পন্ন বিশেষজ্ঞ চিকিৎসকগণ স্বাস্থ্যসেবায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছেন।

আওয়ামী লীগ সরকার বিগত সাড়ে সাত বছরে স্বাস্থ্যসেবাকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার লক্ষ্যে ব্যাপক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন করেছে। গণমুখী স্বাস্থ্য নীতি প্রণয়ন ও বাস্তবায়ন করেছে। ঢাকাসহ বিভিন্ন জেলায় ২৪টি সরকারি হাসপাতাল নির্মাণ করা হয়েছে। নতুন নতুন বিশেষায়িত হাসপাতাল ও ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়েছে। প্রায় সাড়ে ১৬ হাজার কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হয়েছে। সরকারি হাসপাতাল থেকে রোগীদের বিনামূল্যে ৩০ প্রকারের ঔষধ সরবরাহ করা হয়। নারী ও শিশু স্বাস্থ্যের উন্নতি হয়েছে। মানুষের গড় আয়ু বৃদ্ধি পেয়েছে। স্বাস্থ্যখাতে আমাদের সাফল্যের স্বীকৃতি হিসেবে বাংলাদেশ জাতিসংঘ এমডিজি অ্যাওয়ার্ড ও সাউথ সাউথ অ্যাওয়ার্ড পেয়েছে।

আমি আশা করি, সনদপ্রাপ্ত বিশেষজ্ঞ চিকিৎসকগণ তাঁদের অর্জিত জ্ঞান ও মেধার সর্বোচ্চ প্রয়োগের মাধ্যমে দেশের জনগণের চিকিৎসাসেবায় নিজেদের নিয়োজিত করবেন।

আমি বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)-এর ১৩তম সমাবর্তন অনুষ্ঠানের সার্বিক সাফল্য কামনা করি।

জয়বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা



প্রতিমন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

### বাণী

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)-এর ত্রয়োদশ সমাবর্তন উপলক্ষে কলেজের নতুন ফেলো (এফসিপিএস) ও মেম্বার (এমসিপিএস)-দেরকে আমি স্বাগত ও শুভেচ্ছা জানাই।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দূরদর্শী চেতনার পরিপ্রেক্ষিতে ১৯৭২ সালের ০৬ই জুন রাষ্ট্রপতির এক আদেশবলে এই কলেজ প্রতিষ্ঠিত হয়। স্বাধীনতার পর থেকে দেশের স্বাস্থ্য সেবায় এ কলেজের স্বীকৃতিপ্রাপ্ত সনদধারী বিশেষজ্ঞ চিকিৎসকগণ আন্তর্জাতিক মানের চিকিৎসা সেবা প্রদান করে আসছে। আমি আশা করি দেশে ও বিদেশে এই কলেজের সুনাম উত্তরোত্তর বৃদ্ধি পাবে।

স্বাস্থ্য একটি স্বীকৃত মানবাধিকার। তাই আমি প্রত্যাশা করবো এই কলেজের বিশেষজ্ঞ চিকিৎসকগণ জাতীয় স্বার্থে দায়িত্বশীলতার সাথে জনগণের স্বাস্থ্য সেবায় ও চিকিৎসা বিজ্ঞানের উচ্চতর শিক্ষা সম্প্রসারণে তাঁদের অবদান অব্যাহত রাখবেন।

আমি বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস) এর ১৩তম সমাবর্তন অনুষ্ঠানের সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।
বাংলাদেশ চিরজীবী হোক।

জাহিদ মালেক



সভাপতি
বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্
মহাখালী, ঢাকা।

### বাণী

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)-এর ত্রয়োদশ সমাবর্তন উপলক্ষে আমি কলেজের সকল ফেলো এবং মেম্বারগণকে জানাই সাদর সম্ভাষণ।

১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের পর বাংলাদেশের জনগণকে বিশেষজ্ঞ চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সনে ৬৩ নং Presidential Order এর মাধ্যমে বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ প্রতিষ্ঠা করেন। তিনি বিশেষজ্ঞ চিকিৎসা সেবাকে সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার জন্য এই যুগান্তকারী উদ্যোগ নিয়েছিলেন। এদেশের জনগণের সুচিকিৎসা ও বিশেষজ্ঞ চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠালগ্ন থেকে বিসিপিএস মানসম্পন্ন বিশেষজ্ঞ চিকিৎসক তৈরিতে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

দেশের স্বাস্থ্য সেবার মান উন্নয়নে দক্ষ চিকিৎসক তৈরীর স্বার্থে এই কলেজ থেকে ডিগ্রীপ্রাপ্ত প্রায় ৭৫% ভাগ বিশেষজ্ঞগণ বিভিন্ন সরকারী ও বেসরকারী মেডিকেল কলেজ ও হাসপাতাল, জেলা সদর হাসপাতাল এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে শিক্ষা দানে ও দেশের জনগণকে বিশেষজ্ঞ চিকিৎসা সেবা প্রদানে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। দেশের গন্ডি পেরিয়ে বিদেশেও কলেজের ফেলো ও মেম্বারবৃন্দ অত্যন্ত সুনামের সাথে কাজ করছেন।

কলেজের নতুন ফেলো ও মেম্বারগণ, যাঁরা আজ সনদ গ্রহণ করবেন তাঁদের আমি আন্তরিক অভিনন্দন জানাই। আমার দৃঢ় বিশ্বাস আপনারা বিসিপিএস-এর উচ্চমান সমুন্নত রাখতে সদা সচেষ্ট থাকবেন।

আমি বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্-এর উত্তরোত্তর সমৃদ্ধি এবং কলেজের ১৩তম সমাবর্তন অনুষ্ঠানের সর্বাঙ্গীন সাফল্য কামনা করি।

অধ্যাপক মোঃ সানাওয়ার হোসেন

